



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-২৭০

তারিখ: ০৪/১১/২০১৮ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় প্রত্যেক উপজেলায় ঋণ কার্যক্রম পরিচালনা ও বেতনভাতাসহ অন্যান্য ব্যয় নির্বাহের জন্য পৃথক পৃথক একাউন্ট রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, চলতি অর্থ বছরের আদায়কৃত ঋণের বিপরীতে অর্জিত পরিচালনা ব্যয়ের অংশ এবং পূর্বের আয় হতে ডিসেম্বর/২০১৮ পর্যন্ত ৫০% বেতন ভাতা বাবদ সহায়ক অংশ বেতন ভাতা ও অন্যান্য ব্যয়ের জন্য নির্ধারিত ব্যাংক হিসাবে স্থানান্তর না করে ঋণ তহবিলের ব্যাংক হিসাব হতে ব্যয় নির্বাহ করার ফলে আর্থিক শৃঙ্খলা নষ্ট হচ্ছে। তাই বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্যের পরিচালনা ব্যয় বাবদ অর্জিত আয় এবং পূর্বের আয় হতে ডিসেম্বর/২০১৮ পর্যন্ত বেতন ভাতার ৫০% অনুদানের অর্থ ঋণ তহবিল ব্যাংক হিসাব হতে বেতন ভাতা ও অন্যান্য ব্যয় নির্বাহের ব্যাংক হিসাবে স্থানান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হলো। কোন অবস্থাতেই ঋণ তহবিলের ব্যাংক হিসাব হতে সরাসরি বেতন ভাতা ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ ব্যয় করা যাবে না।

২। উল্লেখ্য, চলতি অর্থ বছরে (২০১৮-১৯) মাসিক ভিত্তিতে ঋণ আদায়ের বিপরীতে অর্জিত পরিচালনা ব্যয়ের অংশ ঋণ তহবিল ব্যাংক হিসাব হতে বেতনভাতা ব্যাংক হিসাবে স্থানান্তর করে ব্যয় নির্বাহ করতে হবে। এছাড়া ডিসেম্বর/২০১৮ পর্যন্ত বেতন ভাতা বাবদ ৫০% অনুদানের অর্থের অবশিষ্ট অংশ একই প্রক্রিয়ায় স্থানান্তর করতে হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন : ৮১৮০১৪৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: -----জেলা: ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: -----জেলা: ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: -----জেলা: ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ----- (প্রকল্পভূক্ত সকল জেলা)।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।